



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০১৭/ ৬৫০০

তারিখ : ১৬.০৮.২০১৭খ্রি.

বিষয় : জগদীশ সারস্বত বালিকা উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের উচ্চমাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি চূড়ান্ত বাতিল প্রসঙ্গে


সূত্র : প্রতিষ্ঠানের স্মারক নং- ১৮/২০১৭, তারিখ: ১৮/০৭/২০১৭

উপরোক্ত বিষয় ও সূত্রের আলোকে এ বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ৩১.০৭.২০১৭ তারিখের নির্দেশক্রমে জানাচ্ছি যে, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য “অন লাইন ভর্তি কার্যক্রম : আমাদের কর্তব্য” শীর্ষক মতবিনিময় সভা গত ২৭.০৩.২০১৭ তারিখ অনুষ্ঠিত হয়। কিন্তু জগদীশ সারস্বত বালিকা উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের প্রতিষ্ঠান প্রধানকে উপস্থিত থাকতে বলা হলেও উক্ত সভায় তিনি উপস্থিত হননি। ঐ সভার বিজ্ঞপ্তিতে (বশিবো/কলেজ/অনু/২০১৭/৬১৫৭, তারিখ: ১৫.০৩.২০১৭) উল্লেখ ছিল যে, সভায় অনুপস্থিত প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি বাতিল করা হবে। এ প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করার কারণে উক্ত প্রতিষ্ঠানের উচ্চমাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি বাতিল করা হয়। তার প্রেক্ষিতে প্রতিষ্ঠান প্রধান সূত্রোক্ত স্মারকে অর্থাৎ প্রায় চার মাস পর পাঠদানের অনুমতি বাতিলের আদেশ প্রত্যাহার করার জন্য আবেদন করেন। আবেদনে তিনি উল্লেখ করেন-

- (১) বিভিন্ন সময় শহরের বিভিন্ন স্থানে ভর্তি ব্যানার টানিয়েছেন। অথচ কলেজ পরিদর্শক নিজে উল্লিখিত প্রতিষ্ঠানের গেটে বা অন্য কোথাও ব্যানার দেখেননি
- (২) এ পর্যন্ত ভর্তি তথ্য- বিজ্ঞান-০১জন, মানবিক- ০৭জন, ব্যবসায় শিক্ষা শাখায়- ০১জন মোট-০৯ জন।
- (৩) উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল-২০১৭, মানবিক শাখায়- ৮জনে ৩জন পাস করে এবং ব্যবসায় শিক্ষা শাখায় ০%

উল্লেখিত ব্যাখ্যা যথাযথ নয় বলে জগদীশ সারস্বত বালিকা উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের উচ্চমাধ্যমিক পর্যায়ে পাঠদান অনুমতি বাতিলের আদেশ অপরিবর্তিত থাকলো এবং নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিষ্ঠান প্রধানকে বলা হলো-

- (ক) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের নিজেদের ইচ্ছামাফিক অন্য প্রতিষ্ঠানে ছাড়পত্রের মাধ্যমে ভর্তি হবার ব্যবস্থা করতে হবে।
- (খ) বিদ্যমান গভর্নিং বডি'র মেয়াদ উত্তীর্ণের পর পরবর্তী কমিটি গঠনের জন্য অত্র বোর্ডের বিদ্যালয় পরিদর্শকের সাথে যোগাযোগ করতে হবে।

  
১৬.০৮.২০১৭  
ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
বরিশাল

প্রতিষ্ঠান প্রধান  
জগদীশ সারস্বত বালিকা উচ্চমাধ্যমিক বিদ্যালয়  
কালীবাড়ী রোড, বরিশাল

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি

- ০২। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ০৪। পরিচালক, ব্যানবেইস, ঢাকা
- ০৫। জেলা প্রশাসক, বরিশাল
- ০৬। পরীক্ষা নিয়ন্ত্রক, বশিবো
- ০৭। বিদ্যালয় পরিদর্শক, বশিবো
- ০৮। সিস্টেম এ্যানালিস্ট (ভারপ্রাপ্ত), বশিবো
- ০৯। সংরক্ষণ নথি